গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)
৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০৪.৪৯.০০৩.২১.২৬১১ তারিখ-১৩.১১.২০২১ খ্রি.।

# "দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা খাদ্য অধিদপ্তরের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ-এর অধীন নারায়ণগঞ্জ সিএসডি এবং ৩টি এলএসডি তথা মুড়াপাড়া, সোনারগাঁ ও গোপালদী এলএসডি'র ২০২১-২০২২ অর্থবছরের অবশিষ্ট সময় এবং ২০২২-২০২৩ অর্থবছরের জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয় |
| ০২ | এজেন্সি | ঃ | খাদ্য অধিদপ্তর, ঢাকা। |
| ০৩ | সংগ্রাহক সত্তার পদবী | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক(অ.দা.), নারায়ণগঞ্জ। |
| ০৪ | দরপ্রস্তাব আহ্বানকারী কর্মকর্তার নাম | ঃ | মোঃ হুমায়ুন কবির |
| ০৫ | দরপ্রস্তাব বিজ্ঞপ্তি নং ও তারিখ | ঃ | নং-১৩.০১.৬৭০০.০০৪.৪৯.০০৩.২১.২৬১১, তারিখ-১৩.১১.২০২১ খ্রি.। |
| ০৬ | যে কাজের জন্য দরপ্রস্তাব | ঃ | সিডিউলের বর্ণনা মোতাবেক নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সিএসডি এবং ৩টি এলএসডি তথা মুড়াপাড়া, সোনারগাঁ ও গোপালদী এলএসডি'র শ্রম ও হস্তার্পন কাজ। |
| ০৭ | কাজের সময়কাল | ঃ | ২০২১-২০২২ অর্থবছরের অবশিষ্ট সময় এবং ২০২২-২০২৩ অর্থবছর। |
| ০৮ | সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ০৯ | দরপ্রস্তাব তফসিল মূল্য (প্রতি সেট) | ঃ | ৯০০/-(নয়শত) টাকা (অফেরতযোগ্য)। |
| ১০ | টেন্ডার সিকিউরিটি | ঃ | ১০,০০০/-(দশ হাজার) টাকা (ফেরতযোগ্য)। |
| ১১ | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | দরপত্র তফসীলে উল্লেখিত পরিমাণ। |
| ১২ | বাজেট ও তহবিলের উৎস | ঃ | রাজস্ব বাজেট, বাংলাদেশ সরকার। |
| ১৩ | দরপত্র বিক্রয়/প্রাপ্তির স্থান | ঃ | হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, নারায়ণগঞ্জ (অফিস চলাকালীন সময়)। |
| ১৪ | দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ০৯.১২.২০২১ তারিখ অফিস সময় পর্যন্ত। |
| ১৫ | দরপত্র প্রস্তাব গ্রহণের স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ দপ্তরে রক্ষিত দরপত্র বাক্স। |
| ১৬ | দরপ্রস্তাব গ্রহণের তারিখ ও সময় | ঃ | ১২.১২.২০২১ বেলা ২.০০টা পর্যন্ত। |
| ১৭ | দরপ্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ক) ১২.১২.২০২১ বেলা ৩.০০টায় দরপত্র বাক্স ও সকল যোগ্যতাবিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এর অফিস কক্ষে উপস্থিত দরপ্রস্তাবদাতা/দরপ্রস্তাবদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপ্রস্তাব উন্মুক্তকরণ কমিটি কর্তৃক খোলা হবে।<br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবলমাত্র Responsive দরদাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ ও সময় জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ-এর কার্যালয়ে নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হবে। |
| ১৮ | ঠিকাদারের যোগ্যতা | ঃ | নূন্যতম ০২(দুই) বছরের শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারী কাজের পূর্ণ অভিজ্ঞতা থাকতে হবে। এরূপ অভিজ্ঞতার ক্ষেত্রে খাদ্য অধিদপ্তরে শ্রম ও হ্যান্ডলিং কাজে ০২(দুই) বছরের অভিজ্ঞতা অথবা খাদ্য অধিপ্তরে শ্রম ও হ্যান্ডলিং কাজে ০১(এক) বছর এবং সাধারণ খাদ্যশস্য হ্যান্ডলিং কাজে ০১(এক) বছরসহ মোট ০২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। টেন্ডার ডাটা শীটে উল্লিখিত কর্মকর্তা/দপ্তর হতে অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে। এছাড়াও দরপত্র সিডিউলে বর্ণিত যোগ্যতা থাকতে হবে। |
| ১৯ | উদ্বৃত দর | ঃ | সর্বনিম্ন মূল্যায়িত দরের সমতা হলে পিপিআর, ২০০৮ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। |
| ২০ | দরপ্রস্তাব দাখিলের নিয়মাবলী | ঃ | ০২(দুই) খাম পদ্ধতিতে (যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব) দরপত্র দাখিল করতে হবে। |
| ২১ | দরপ্রস্তাবের মেয়াদকাল | ঃ | দরপত্র খোলার তারিখ হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বলবৎ থাকবে। |
| ২২ | দরপ্রস্তাব আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট (৫ম তলা), ৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ। |
| ২৩ | দরপ্রস্তাব আহ্বানকারী সংগ্রাহক সত্তার টেলিফোন নম্বর | ঃ | ০২-৭৬৩৪৬৫২। |
| ২৪ | অত্র দরপ্রস্তাব পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন অথবা যে কোন বা সকল দরপ্রস্তাব গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

১৩/১১/২১
(মোঃ হুমায়ুন কবির)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(অ.দা.)
নারায়ণগঞ্জ
dcf.ngj@dgfood.gov.bd
ফোন ঃ ৭৬৩৪৬৫২।

১৩/১১/২১

আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট আকারে ২(দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনাপূর্বক দরপত্র দলিল (যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম ও আর্থিক প্রস্তাব ফরম) যথাযথভাবে পূরণ করে নিম্নেবর্ণিত ডকুমেন্ট সংযুক্ত করে (পৃথক পৃথক খামে ও একত্রিতভাবে একটি খামে) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ-এর বরাবরে আবেদন দাখিল করতে হবে।

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলীঃ

১। নিজ নামের/প্রতিষ্ঠানের হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্স, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ২০২০-২০২১ অর্থবছরে ইস্যুকৃত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি ও যে কোন সিডিউল ব্যাংক হতে Bank Solvency Certificate দাখিল করতে হবে (২০২১ সালে ইস্যুকৃত)।

৩। একক মালিকানার ক্ষেত্রে কোন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে প্রদত্ত মালিকানার সংশ্লিষ্ট হলফনামা (এফিডেভিট) এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্ব-পক্ষে রেজিস্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদানকালে ফটোকপিসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে।

৮। অতীত দায়-দেনার (যদি থাকে) হলফনামার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৯। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্টতা প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে এবং কোন দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত হবে না মর্মে দরপ্রস্তাব দলিলে নির্দেশিত ফর্মে অঙ্গিকার করতে হবে।

১০। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে বা সংশ্লিষ্টতা থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১১। সালিশী মামলা নিষ্পত্তির অপেক্ষায়/মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। তবে সালিশী/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২। প্রতিটি সেট দরপ্রস্তাব সিডিউল বাবদ ৯০০/-(নয়শত) টাকা নগদ মূল্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ দপ্তর হতে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। দরপত্র সিডিউল ক্রয়ের রশিদের মূল কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপ্রস্তাব সিডিউল ক্রয় করতে হবে।

১৩। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ প্রাপ্তির পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভুত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরপত্রদাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণপূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপ্রস্তাব তফসীল ও দরপ্রস্তাব বিজ্ঞপ্তি (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত)সহ দরপ্রস্তাব সিডিউলের সকল কাগজপত্র প্রতি পাতায় স্বাক্ষরসহ সীল প্রদান করে দাখিল করতে হবে।

১৫। দরপ্রস্তাব, নির্ধারিত দিন ও নির্ধারিত সময়ের মধ্যে দরপ্রস্তাব গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে। তাছাড়া কুরিয়ার/রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরিত দরপ্রস্তাবও গ্রহণযোগ্য হবে। তবে, কুরিয়ার/রেজিস্টার্ড ডাকযোগে প্রেরিত দরপ্রস্তাব নির্ধারিত তারিখ ও সময়সীমার মধ্যে পৌছানো নিশ্চিত করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। শর্তযুক্ত, কাটাছেড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপ্রস্তাব বিবেচিত হবে না এবং প্রাইস সিডিউল/দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

১৭। ঠিকাদার হিসেবে নিয়োগ প্রাপ্ত হলে বিধি মোতাবেক বিলের অনুকূলে আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।

১৮। এতদসঙ্গে সংযুক্ত Instructions to Tenderers (Section-1), Tender Data Sheet (Section-2), General Conditions of Contract (Section-3), Particular Conditions of Contract (Section-4), Tender and Contract Forms (Section-5) ও অন্যান্য কাগজপত্র দরপ্রস্তাব দলিলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে। প্রতি পাতায় স্বাক্ষর করে যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

চলমান পাতা-৩

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Special Conditions of Contracts) ঃ

১৯। ঠিকাদারের যোগ্যতা ঃ

খাদ্যশস্য/খাদ্য সামগ্রী/অন্যান্য সামগ্রীর শ্রম ও হস্তার্পন ঠিকাদার/সমপ্রকৃতির ঠিকাদারী কাজে প্রতিষ্ঠানের নূন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারী আধা সরকারী স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আহরণ ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে (অভিজ্ঞতা সনদপত্রে শ্রম ও হ্যান্ডলিং কাজের বর্ণনা উল্লেখ থাকতে হবে এবং সনদের সাথে সংশ্লিষ্ট শ্রম ও হ্যান্ডলিং কাজের চুক্তিনামা/ডকুমেন্টস সংযুক্ত করতে হবে)। যদি পূর্ব বা বর্তমানে ঠিকাদার হিসেবে কার্য সম্পাদন করে থাকেন, তবে উক্ত অভিজ্ঞতার সনদের ঠিকাদারী ধরন ও কার্যকাল (কোন সন হতে কোন সন পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ করতে হবে। ০১(এক) লক্ষ টাকার নগদ অর্থের ঘোষণাপত্র নিজস্ব প্যাডে এবং ০৩ বছরের ০৩ লক্ষ টাকার আর্থিক টার্নওভার দাখিল করতে হবে। সমদরদাতার সংখ্যা একাধিক হলে পিপিআর, ২০০৮ অনুযায়ী উক্ত অভিজ্ঞতা সনদ বিবেচনায় আনা হবে।

২০। দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ

(ক) দুই খাম পদ্ধতিতে দর দাখিল করতে হবে। **"ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব"** এবং **"আর্থিক প্রস্তাব"** ২টি ভিন্ন খামে সীলগালা করে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগে কাজের নাম, প্যাকেজ নম্বর ও লট নম্বর এবং মাঝখানে **"ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব"** ও আর্থিক প্রস্তাবের খামে **"আর্থিক প্রস্তাব"** লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে প্রাপক-জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এবং বাম দিকে প্রেরক, প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে। ২টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে বড় খামের উপরি ভাগের মাঝখানে কাজের নাম, প্যাকেজ নম্বর ও লট নম্বর, ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখতে হবে।
(খ) আর্থিক প্রস্তাব ফরমে বর্ণিত কার্য-তফসীলের প্রতিটি আইটেমের ডান দিকে "২০২১-২০২২ অর্থবছরের অবশিষ্ট সময় এবং ২০২২-২০২৩ অর্থবছরের প্রাক্কলিত কাজের পরিমাণ উল্লেখ করা হয়েছে (সরকারী প্রয়োজনে উক্ত পরিমাণ কম বেশি হতে পারে)। দরদাতাকে প্রতি আইটেমে একক দর অংকে ও কথায়, মোট মূল্য (প্রাক্কলিত কাজের পরিমাণ×দরদাতা কর্তৃক প্রদত্ত প্রতি এককের মূল্য=মোট মূল্য) এবং সর্বমোট মূল্য (প্রতিটি আইটেমের মোট মূল্যের যোগফল) শুধুমাত্র নির্ধারিত কলামে/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, দশমিকের পরে দুই অংকের বেশি ব্যবহার করা যাবে না। সর্বমোট মূল্যে ভিত্তিতে সর্বনিম্ন দর মূল্যায়ন বা সাব্যস্ত করা হবে। এককদর ও মোট দরের মধ্যে গরমিল হলে এককদর গৃহিত হবে এবং তদানুযায়ী মোট দর সংশোধিত হবে।

২১। টেন্ডার সিকিউরিটি ঃ

(ক) দরপ্রস্তাবের সাথে বাংলাদেশের যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে প্রতি লটের (সিএসডি/এলএসডি'র) জন্য আলাদা আলাদাভাবে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ১০,০০০/-(দশ হাজার মাত্র) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ-এর অনুকূলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে না।
(খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরৎ দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরৎ দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২২। ঠিকাদার নির্বাচন পদ্ধতি ঃ

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়নে Responsive হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং নিম্নদরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। তবে সকল ক্ষেত্রে শ্রম ও হস্তার্পন কাজের বিদ্যমান শ্রম মজুরী এর সাথে অসংগতিপূর্ণ অতিনিম্নদর গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে।
(খ) প্রতি লটের (সিএসডি/এলএসডি'র) জন্য সর্বনিম্ন দরে একজন করে ঠিকাদার নির্বাচন করা হবে। তবে নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদ্‌ঘাটিত হলে পিপিআর, ২০০৮ এ প্রযোজ্য আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
(গ) খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৬.১০.২০০৮ তারিখে প্রেরিত Standard Tender Document (STD) for the Procurement of Handling & Related Service এর আলোকে দরপত্রের কার্যক্রম অনুসরণ করা হবে। যোগ্যতা বিষয়ক Annexure-A তে বর্ণিত তথ্যাবলীর ছক পূরণ করে দরপত্রদাতার সীল ও স্বাক্ষর প্রদান করে যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে দাখিল করতে হবে।

২৩। পারফরমেন্স সিকিউরিটি ঃ

Letter of intent দেয়ার ০৭(সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং ১৪(চৌদ্দ) দিনের মধ্যে পারফরমেন্স সিকিউরিটি (জামানত) বাবদ উদ্ধৃত মোট দরের ৫% সংশ্লিষ্ট সিএসডি/এলএসডি'র নির্ধারিত জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও NOA এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিয়ে ২৮(আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

চলমান পাতা-৪

২৪। চুক্তি সম্পাদনঃ

(ক) আবেদনকারীর যোগ্যতা প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন Responsive দরপ্রস্তাব দাতাকে তার দেয়া লটে'র (সিএসডি/এলএসডি'র) জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার হিসেবে নির্বাচিত করা হবে।
(খ) দরপ্রস্তাবে প্রাপ্ত সর্বনিম্ন/সাব্যস্থ দরপ্রস্তাব দাতার দর বৈধ বিবেচিত হওয়ার পর তা অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং দরপ্রস্তাবের সকল শর্তাদি পূরণ শেষে পত্র প্রাপ্তির ২৮(আটাশ) দিনের মধ্যে Performance Security এর টাকা জমা দিয়ে চুক্তি সম্পাদন করতে হবে।

২৫। চুক্তি সংশোধনঃ

সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য শ্রম ও হস্তার্পন সংক্রান্ত বা এতদ্সংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্রসহ দরপত্র তফশীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৬। গোপনীয় প্রতিবেদনঃ

নির্বাচিত আবেদনকারীর ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ তথ্যাদি সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদান করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যাবে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৭। ক্ষমতা সংরক্ষণ ঃ

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩/১১/২১

(মোঃ হুমায়ুন কবির)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(অ.দা.)
নারায়ণগঞ্জ
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
নারায়ণগঞ্জ।

১৩/১১/২১

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০৪.৪৯.০০৩.২১.২৬১১(১৬) তারিখ-১৩.১১.২০২১ খ্রি.।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/চসসা/হিসাব ও অর্থ/সববি/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট বিভাগ।
৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৬। সাইলো সুপার (সকল), ........................................................।
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইডে ০৯.১২.২০২১ তারিখ পর্যন্ত প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নারায়ণগঞ্জ।
১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ......................................................(সকল)।
১১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
১২। ব্যবস্থাপক, ..............................................(সকল) সিএসডি।
১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................................(সকল), নারায়ণগঞ্জ জেলা।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................................(সকল) এলএসডি, নারায়ণগঞ্জ জেলা।
১৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১৬। অফিস কপি।

১৩/১১/২১

(মোঃ হুমায়ুন কবির)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(অ.দা.)
নারায়ণগঞ্জ।

১৩/১১/২১